

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-৬৩৭

তারিখঃ ২৭/১০/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ জিআর ক্যাশ বরাদ্দ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১১.১৫-৪৯৬, তারিখঃ ১৮/১০/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ২০১৬-২০১৭ অর্থ বছর বন্যা ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ পরিস্থিতি মোকাবেলা জনসাধারণের মধ্যে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর অনুচ্ছেদ ৭ (খ) নগদ অর্থ সহায়তা (জিআর) মোতাবেক বিতরণের জন্য নিম্নোক্ত জেলার জেলা প্রশাসক বরাবর পার্শ্ব প্রদত্ত পরিমাণ জিআর ক্যাশ এতদ্বারা বরাদ্দ দেয়া হলোঃ

ক্রঃ নং	জেলার নাম	চাহিদা পত্রের নম্বর ও তারিখ	জি আর ক্যাশ বরাদ্দের পরিমাণ
০১.	বগুড়া	নং-৭০৩, তারিখঃ ০৬.১০.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
০২.	দিনাজপুর	নং-৫০৫, তারিখঃ ০৫.১০.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
০৩.	বরিশাল	নং-৯১৭, তারিখঃ ২৯.০৯.২০১৬ খ্রিঃ।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা
		মোট=	৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা

- ২। জেলা প্রশাসক, বরাদ্দকৃত জিআর ক্যাশ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে মানবিক সহায়তা কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর অনুচ্ছেদ ৭ (খ) নগদ অর্থ সহায়তা (জিআর) মোতাবেক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মধ্যে বরাদ্দ/বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ৩। বরাদ্দকৃত জিআর ক্যাশ ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম সাধারণ-৫৯০০- সাহায্য- ৫৯৭৭-অন্যান্য মঞ্জুরী (জিআর ক্যাশ) খাত হতে নির্বাহ করা হবে।
- ৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে।
- ৫। জেলা প্রশাসক বরাদ্দ পত্রটি তঁর ওয়েবসাইটে Upload করাসহ উপজেলার অনুকূলে জারীকৃত উপ-বরাদ্দ পত্রও তঁর ওয়েবসাইটে Upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দ পত্র Upload করতে হবে।
- ৬। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

জেলা প্রশাসক,
বগুড়া/দিনাজপুর/বরিশাল।

(মোঃ ইফতেখারুল ইসলাম) ২৭.১০.১৬

পরিচালক (ত্রাণ)

ফোনঃ ৯৮৬০৩৮৬।

E-mail: islameftekharul@yahoo.com

তারিখঃ ২৭/১০/২০১৬ খ্রিঃ।

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২১.১৬-৬৩৭

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী/রংপুর/বরিশাল বিভাগ।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। তাঁকে সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র জারীর জন্য অনুরোধ করা হলো।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বগুড়া/দিনাজপুর/বরিশাল-কে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর ক্যাশ বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে অনুরোধ করা হ'ল।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া/দিনাজপুর/বরিশাল।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(মোঃ আনোয়ারুল ইসলাম খন্দকার)

উপ-পরিচালক (ত্রাণ-১)